দৈনিক সংবাদ

তারিখ 12 JUL 1995
পৃষ্ঠা ৫ কলাম ৬

10

# বিভিন্ন কেন্দ্রে পরীক্ষার্থী বহিষ্কারের জের ।। ভাঙচুর ও অগ্নিসংযোগ

নরসিংদী, ১১ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– শিবপুর সরকারি আসাদ কলেজ কেন্দ্রের বহিষ্কৃত ৭ জন পরীক্ষার্থী, ছাত্র এবং বহিরাগত ৪/৫শ’ লোক কলেজের অধ্যক্ষের কক্ষ, পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষসহ বিভিন্ন কক্ষ ভাঙচুর করে। পরে থানা নির্বাহী অফিসারের বাসভবন এবং থানা কৃষি কার্যালয় ভাঙচুর করে। বিক্ষুব্ধ ছাত্ররা সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ে অগ্নিসংযোগ করে। কলেজের একজন প্রভাষিকার গাড়ি ভাঙচুর করে। এ ব্যাপারে শিবপুর থানায় মামলা হয়েছে।

লক্ষীপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান : রায়পুর সরকারি কলেজ কেন্দ্রে সোমবারের পরীক্ষায় বহিষ্কৃত ৫ জন পরীক্ষার্থী এবং বহিরাগত শতাধিক লোক কলেজের বিভিন্ন কক্ষের আসবাবপত্র, দরজা–জানালা ভাঙচুর করে। তারা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও টিএনও’র গাড়ি ভাঙচুর করে। এ সময় কর্তব্যরত পুলিশ বাধা দিলে পরীক্ষার্থী ও বহিরাগতরা পুলিশের ওপর ইটপাটকেল নিক্ষেপ করে। এতে রায়পুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সৈয়দ রবিউল ইসলাম ও দারোগা কিবরিয়া আহত হয়।

কুমিল্লা থেকে জেলা বার্তা পরিবেশক : গত সোমবার পরীক্ষা শেষ হওয়ার পর বুড়িচংয়ের এরশাদ কলেজ কেন্দ্রের বহিষ্কৃত ছাত্র, পরীক্ষার্থী ও বহিরাগতসহ প্রায় ২ হাজার লোক পরীক্ষাকেন্দ্রে হামলা চালায়। এ সময় তারা কলেজ লক্ষ্য করে ককটেল ও ইটপাটকেল নিক্ষেপ করে। তারা পরিদর্শক ও টিএনও’র ২টি জীপ–গাড়িও ভাঙচুর করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ৭ রাউন্ড ফাঁকা গুলি করে।

খাগড়াছড়ি থেকে নিজস্ব সংবাদদাতা : জেলার মানিকছড়ি কলেজ কেন্দ্রে কয়েকজন ছাত্রকে বহিষ্কার করা হলে তারা পরীক্ষাশেষে কলেজের আসবাবপত্র ও দরজা–জানালা ভাঙচুর করে। পরে তারা রাস্তায় এডিসি’র গাড়ির ওপর হামলা চালায় ও একটি ট্রাকের কাঁচ ভাঙচুর করে। ক্ষুব্ধ ট্রাকচালক রাস্তায় আড়াআড়ি ট্রাক রেখে দিলে এ রাস্তায় দেড়ঘন্টা যান–বাহন চলাচল বন্ধ থাকে।

মানিকছড়ি কলেজ কেন্দ্র থেকে ৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। খাগড়াছড়ি জেলায় মোট ১৯ জনকে বহিষ্কার করা হয়।